

# আলিম পরীক্ষার নতুন তারিখ ঘোষণা

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ১৩ আগস্ট ২০২৩



প্রাকৃতিক দুর্যোগে স্থগিত আলিম পরীক্ষার নতুন সূচি প্রকাশ করেছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। আজ রোববার মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে আলিমের স্থগিত চারটি পরীক্ষার সূচি প্রকাশ করা হয়েছে।

১৭ আগস্ট থেকে আলিম পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও প্রাকৃতিক দুর্যোগের কারণে পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়। এ পরিস্থিতিতে ১৭ থেকে ২৪ আগস্ট পর্যন্ত স্থগিত হওয়া চারটি পরীক্ষার নতুন সূচি প্রকাশ করা হলো।

১৭ আগস্টের কুরআন মাজিদ (২০১) পরীক্ষা আগামী ১ অক্টোবর অনুষ্ঠিত হবে। ২০ আগস্টের আরবি প্রথমপত্র (সাধারণ বিভাগ ২০৫) ও আরবি সাহিত্য (বিজ্ঞান ও মুজাব্বিদ মাহির বিভাগ ২২৩) পরীক্ষা ৩ অক্টোবর অনুষ্ঠিত হবে। ২২ আগস্টের বাংলা প্রথম পত্রের পরীক্ষা (২৩৬) ৫ অক্টোবর এবং ২৪ আগস্টের বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষা (২৩৭) ৮ অক্টোবর অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত।

এদিকে ৯ অক্টোবর থেকে ১৭ অক্টোবরের মধ্যে আলিমের ব্যবহারিক পরীক্ষা শেষ করতে বলেছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। ১৮ অক্টোবরের মধ্যে ব্যবহারিকের খাতা ও অন্যান্য কাগজপত্র বোর্ডের আলিম শাখায় জমা দিতে বলা হয়েছে ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রতিনিধিকে।

মাদ্রাসা শিক্ষা বোর্ড জানায়, অন্যান্য বিষয়ে পরীক্ষা আগের সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। তবে বিশেষ প্রয়োজনে সূচিতে পরিবর্তন আনতে পারবে বোর্ড।